- বহুল আলোচিত ফেলানী খাতুন হত্যার ৯ বছর পূর্তি ৭ জানুয়ারি। দীর্ঘসূত্রিতার মধ্যদিয়ে ভারতীয় সুপ্রিম কোর্টে চলছে তার বিচারিক কার্যক্রম। ২০১১ সালের এই দিনে ভারতীয় মালাউন সীমান্তসন্ত্রাসী বিএসএফ'র গুলিতে নির্মম হত্যার শিকার ফেলানীর মৃতদেহ কাটাতারে ঝুলে ছিল দীর্ঘ সাড়ে ৪ ঘন্টা।

প্রতিবাদী হয়ে উঠেছিল গণমাধ্যমসহ বিশ্ব মানবাধিকার সংস্থাগুলো। তীব্র সমালোচনার মুখে পরতে হয় ভারতকে। ফেলানীর পরিবার এখনো বুক বেঁধে আছে ন্যায় বিচারের আশায়।

জানা যায়, কাজের সন্ধানে মেয়েকে নিয়ে ভারতে পারি জমিয়েছিল ফেলানী খাতুন ও তার বাবা নুরুল ইসলাম নুরু। সেখানে কয়েক বছর থাকার পর কিশোরী মেয়েকে নিজ দেশে বিয়ের উদ্দেশ্যে রওয়ানা দিয়েছিলেন।

সেদিন ছিল ২০১১ সালের ৭ জানুয়ারি শুক্রবার। ভোর ৬টার দিকে ফুলবাড়ি উপজেলার অনন্তপুর সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করেন বাবা ও মেয়ে। বাবা নুরুল হক কাটাতারের বেড়া ডিঙিয়ে পার হতে পারলেও মেয়ে ফেলানী কাটাতারে উঠতেই ভারতীয় বিএসএফ সদস্য মালাউন অমিয় ঘোষ গুলি চালালে কাটাতারেই ঢলে পরে ফেলানীর নিথর দেহ।

সেখানে সাড়ে ৪ ঘন্টা ঝুলে থাকার পর তার লাশ নিয়ে যায় বিএসএফ। এই ঘটনায় বিশ্বব্যাপী তোলপাড় শুরু হলে ৩০ ঘন্টা পর বিজিবি'র কাছে লাশ হস্তান্তর করে বিএসএফ। দীর্ঘ ৯ বছর পেরিয়ে গেলেও আজো ফেলানী হত্যার ন্যায় বিচার সম্পন্ন হয়নি। সর্বশেষ ২০১৮ সালের ২৫ জানুয়ারি শুনানীর দিন ধার্য করা হলেও তা বারবার পিছিয়ে দেয়া হয়।

দীর্ঘদিন ধরে ফেলানী হত্যার ন্যায় বিচার না হওয়ায় পরিবারসহ হতাশ স্বজনরাও। ২০১৭ সালের ২৫ অক্টোবর শুনানীর পর ভারতীয় সুপ্রিম কোর্টে বারবার তারিখ পিছিয়ে যায়। ফলে থমকে গেছে ফেলানী খাতুন হত্যার সুষ্ঠু বিচার ও ক্ষতিপুরণের দাবি।

ফেলানীর বাবা নুরুল ইসলাম নুরু ও মা জাহানারা বেগম জানান, "ভারতীয় সর্বোচ্চ আদালতে ফেলানী হত্যার বিচারিক কার্যক্রম ঝুঁলে থাকায় আমরা হতাশ। আমরা ন্যায় বিচারের জন্য দীর্ঘ ৯ বছর ধরে অপেক্ষা করছি।"

সূত্র: এশিয়ান মেইল ২৪

বিশ্ব সন্ত্রাসবাদের মূলহোতা আমেরিকা। লাখ নয়, কোটি কোটি নিরীহের রক্ত ঝরিয়েছে এবং ঝরিয়ে যাচ্ছে বিশ্বসন্ত্রাসী আমেরিকা। পূর্ব থেকে পশ্চিম, উত্তর থেকে দক্ষিণ তথা পৃথিবীর প্রতিটি প্রান্তে আজ তাই আমেরিকার বিরুদ্ধে ফুঁসে উঠেছেন মাজলুমরা। তারা কখনো আমেরিকার অভ্যন্তরেই অস্ত্র হাতে ঝাঁপিয়ে পড়ছেন মার্কিনীদের উপর, আবার কখনো স্বাধীনতার দাবিতে মার্কিন দখলদার বাহিনীর উপর হামলা করছেন দখলীকৃত এলাকায়। তেমনি একটি হামলা গত ৫ই জানুয়ারীতে পূর্ব আফ্রিকার দেশ কেনিয়ার মান্দা উপকূলে দৃঢ় নিরাপত্তাবেষ্টিত মার্কিন নৌ-ঘাঁটিতে হামলা চালিয়েছেন আল-কায়েদা পূর্ব আফ্রিকান ভিত্তিক শাখা হারাকাতুশ শাবাব আল-মুজাহিদীন।

হারাকাতুশ শাবাবের অফিসিয়াল মিডিয়ায় হামলার দায়িত্ব গ্রহণ করে একটি বিবৃতি প্রদান করা হয়েছে। বিবৃতিটিতে বলা হয়, কেনিয়ার মান্দা উপকূলে দৃঢ় নিরাপত্তাবেষ্টিত মার্কিন নৌ-ঘাঁটিতে দীর্ঘ ১০ ঘন্টার তীব্র যুদ্ধ শেষে মার্কিন সন্ত্রাসীরা শোচনীয়ভাবে পরাজিত হয়েছে, আলহামদুলিল্লাহ। সর্বশক্তিমান আল্লাহর অনুগ্রহে এ হামলায় ১৭ মার্কিন ক্রুসেডার হতাহত হওয়ার পাশাপাশি ৯ কেনিয়ান ক্রুসেডার সেনা নিহত হয়েছে। আলহামদুলিল্লাহ।

এসময় আল্লাহর রহমতে মুজাহিদগণ দুশমনদের ৭টি বিমান এবং ৫টিরও অধিক সামরিকযান ধ্বংস করতে সক্ষম হয়েছেন। পাশাপাশি দুশমনদের অধিকাংশ ঘাঁটিই এখন আগুনে পুড়ছে আলহামদুলিল্লাহ। সকল প্রশংসা এক আল্লাহরই জন্য, যিনি তাঁর সৈনিকদেরকে দুশমনদের ধ্বংস করতে সক্ষম করেছেন।

এ ঘাঁটিটি ইসলামের বিরুদ্ধে দুশমনদের অন্যায় যুদ্ধের অন্যতম এক ঘাঁটি হিসেবে কাফেরদের নিকট সমাদৃত ছিল। মুজাহিদগণের হামলার পরে তাদের এই ঘাঁটিটি রক্ষার জন্য প্রাণপণ চেষ্টাই তার বড় প্রমাণ। কিন্তু, তাদের সকল প্রচেষ্টা আল্লাহর অনুগ্রহে ব্যর্থ হয়েছে। মুজাহিদগণ কাফেরদেরকে শোচনীয়ভাবে পরাজিত করেছেন।

হারাকাতুশ শাবাবের বার্তায় আরো বলা হয়, দুশমনরা মুজাহিদীনের সাথে পরাজিত হয়ে কাপুরুষোচিতভাবে সাধারণ নিরস্ত্র মুসলিমদের উপর বোমা হামলা চালায়। আশেপাশের বাজার,

হাসপাতাল ইত্যাদি জনবসতিপূর্ণ এলাকায় নারী ও শিশুদের উপর হামলা চালায় মার্কিনী সন্ত্রাসী ক্রুসেডাররা।

বার্তাটির শেষে বলা হয়, মুসলিম ভূখণ্ড থেকে মার্কিন সেনা উচ্ছেদ এবং ফিলিস্তিনে মুসলিমদের বিরুদ্ধে ইহুদীদের সহায়তা যতদিন পর্যন্ত বন্ধ করা না হবে, ততোদিন মার্কিনীদের উপর এ হামলা চলবে ইনশাআল্লাহ।

সহকারী পুলিশ সুপারের মিথ্যা পরিচয় দিয়ে প্রতারণার মাধ্যমে এক নারীকে বিয়ে ও টাকা আত্মসাত করেছে চট্টগ্রাম দক্ষিণ জেলা সন্ত্রাসী ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আকিবুল ইসলাম।

বিডিনিউজ২৪ থেকে জানা যায়, "ভুয়া ফেইসবুক আইডি ব্যবহার করে এএসপি পরিচয়ে এক নারীকে বিয়ে ও প্রতারণার মাধ্যমে টাকা হাতিয়ে নেয়ার অভিযোগ পাওয়া গেছে।

জানা যায়, আকিবুল ইসলাম তার ব্যক্তিগত ফেইসবুক আইডি ছাড়াও তাহসান খান প্রিজন নামের আরেকটি ফেইসবুক আইডি চালান। সেই আইডিতে আকিব নিজেকে সহকারী পুলিশ সুপার (এএসপি) পরিচয় দিয়ে দুই সন্তানের জননী ওই নারীর সাথে পরিচিত হন।

ওই নারীর সাথে তার স্বামীর দাম্পত্য কলহের বিষয়টি আকিব জানতে পারেন। গত ৩ জুলাই ওই নারীর ডিভোর্সের পর আকিব ৭ অগাস্ট আকিব ওই নারীকে বিয়ে করে বিভিন্ন হোটেলে এবং বাকলিয়া রাহাত্তার পুল এলাকায় বাসা ভাড়া নিয়ে স্বামী-স্ত্রী পরিচয়ে অবস্থান করেন।

ওই নারীর অভিযোগ, আকিব চাকরিতে সমস্যার কথা বলে তার কাছ থেকে পাঁচ লাখ টাকা ধার নিয়েও পরিশোধ করেননি। এছাড়াও ওই নারীর কাছ থেকে এক লাখ ২৮ হাজার টাকা নিয়ে মোবাইল ফোন, তিন লাখ টাকায় মোটর সাইকেল কেনা ছাড়াও অন্তত ১০ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন আকিব।

আকিবের সাথে আরও নারীর সাথে সম্পর্ক থাকার বিষয়টি জানতে পেরে ওই নারী তাকে জিজ্ঞাসাবাদ করলে আকিব তার সঙ্গে যোগাযোগ বন্ধ করে দেন। পরে খোঁজ নিয়ে আকিব

পুলিশ কর্মকর্তা নন এবং তার সাথে প্রতারণার বিষয়টি জানতে পারেন বলে অভিযোগে উল্লেখ করেন।

এদিকে সন্ত্রাসী আকিব গত ২৫ ডিসেম্বর ভাড়া বাসায় গিয়ে পিস্তল ঠেকিয়ে হুমকি দেন বলেও অভিযোগ করেছেন ওই নারী। স্থানীয় বিচারালয়ে এ অভিযোগ করেন এই নারী।

কুড়িগ্রামে চিলমারী উপজেলায় একটি বাজারের নৈশপ্রহরীকে শ্বাসরোধ হত্যার পর তিন দোকান থেকে ২২ লাখ টাকা নিয়ে নিয়ে গেছে দুর্বৃত্তরা। নিহতের নাম এরশাদুল হক (৫৫)।

রোববার গভীররাতে জোড়গাছ বাজারে এ ঘটনা ঘটে।

জোড়গাছ বাজার কমিটির সেক্রেটারি মিজানুর রহমান মুকুল জানান, রোববার জোড়গাছ বাজারে হাট বসেছিল। এদিন প্রচুর লেনদেন হয়েছে। দুর্বৃত্তরা পরিকল্পনা করে রাতে কোনো এক সময়ে নৈশ প্রহরী এরশাদুল হককে দু-হাতপা বেঁধে মুখে গামছা গুজিয়ে তাকে শ্বাসরোধ করে হত্যা করে।

এরপর দুর্বৃত্তরা বাজারের ব্যবসায়ী নজির হোসেন, ফারুক মিয়া ও লাবু বুক স্টোরের সার্টারের তালা ভেঙে ভিতরের মালামাল ও ক্যাশ লুট করে।

ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী নজির হোসেন জানান, তার গালামালের দোকানের ভল্ট ভেঙে দুর্বৃত্তরা নগদ ১৫ লাখ টাকা ও ৩ থেকে ৪ লাখ টাকার মালামাল নিয়ে গেছে। এসময় তারা সিসি ক্যামেরা ভেঙে নিয়ে যায়।

অপর ব্যবসায়ী ফারুক মিয়া জানান, তার দোকান থেকে নগদ দেড় লাখ টাকাসহ প্রায় ৩ লাখ টাকার মালামাল লুট হয়েছে।

লাবু বুক স্টোরের মালিক লিটন জানান, তার ভল্ট থেকে সাড়ে ৯ হাজার টাকা ও মালামাল নিয়ে গেছে দুর্বৃত্তরা।

সুত্রঃ যুগান্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি মেয়েকে বাস থেকে নামার পর উঠিয়ে নিয়ে গণধর্ষণ করা হয়েছে। মেয়েটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বলেই হয়তো প্রতিবাদটা হয়েছে তাৎক্ষণিক। কিন্তু এমন ঘটনা কি আর নেই? আছে। সারাদেশে এমন অসংখ্য ঘটনা ঘটছে। তারমধ্যে কিছু ঘটনা 'ক্লিক' করে অন্যগুলো আড়ালে থেকে যায়।

আজ যখন লিখছি, তখনও মনিটরে শায়েস্তাগঞ্জের একটি খবর চোখ আঁকড়ে রয়েছে। ধর্ষণে ব্যর্থ হয়ে এক স্কুলছাত্রীর ওপর নির্যাতন চালিয়েছে এক যুবক। মেয়েটির স্পর্শকাতর অঙ্গে আঘাতের চিহ্নের কথা ফলাও করে বর্ণিত হয়েছে খবরে।

কেন শায়েস্তাগঞ্জের এই স্কুলছাত্রীটিকে নিয়ে কোনো প্রতিবাদের কথা নেই সেই খবরে। নেই মানববন্ধন, অবরোধ কিংবা অন্য কিছু। শুধু পরিবারের লোকজন বিচার ও শাস্তি চেয়েছেন। আর সেই চাওয়ার ভাষাও অসহায়ত্বের।

অনিরাপদ ঢাকা এবং সারাদেশে আমরা সবাই অসহায়। আমার সন্তান ধর্ষিতা হবে, খুন হবে এটাই যেন এই জনপদে স্বাভাবিক। মানুষজন গণমাধ্যমে ধর্ষিতা হওয়ার বিবরণ পড়বে। বিবরণ রগরগে হলে পাঠক বেশি, ছবি হলে তো কথাই নেই।

খুনের ক্ষেত্রেও একই কথা। বিবরণে থ্রিল থাকা চাই। পড়ে-টড়ে দুদিন আলোচনা, তারপর শেষ। আর বিশেষ কিছু ক্ষেত্রে যেমন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেই ছাত্রীটির ঘটনার মতন প্রতিবাদ শুরু হয়, তখন মানুষেরা জেগে ওঠে। যে জেগে ওঠা 'হুজুগে' জেগে ওঠা।

জানি 'হুজুগ' শব্দটায় অনেকে আপত্তি করবেন। তাই ছোট করে ব্যাখ্যা করি। নুসরাতের ঘটনার পর সারাদেশে প্রতিবাদ হয়েছে। জেলায় জেলায় মানববন্ধন, বিক্ষোভ, প্রতিবাদ সমাবেশ হয়েছে। খুব ভালো, কিন্তু তারপর? থেমেছে কি এসব ঘটনা?

থামেনি যে খোদ জনবহুল রাজধানীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ছাত্রীকে গণধর্ষণ তারই প্রমাণ। তাহলে, আপনাদের প্রতিবাদ কী ছিল, কতটুকু ছিল, একটু ভেবে দেখুন তো। আর সঙ্গে ভেবে দেখুন প্রতিবাদটা 'কেন' ছিল।

প্রতিবাদটা 'কেন' ছিল, এটাই মূল বিষয়। প্রতিবাদটা কি শুধু নুসরাতের জন্য ছিল, নাকি ছিল এমন কর্মকাণ্ডের বিরুদ্ধে? শুধু নুসরাত হত্যার বিচারই কি শেষ? না 'এরপর' আরও কিছু রয়েছে? এই 'এরপর' শব্দটির উপর প্রতিবাদীদের কোন চিন্তা ছিল না বলেই আজকে আবার প্রতিবাদে দাঁড়াতে হয়েছে।

নুসরাত কিংবা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেই ছাত্রীটি ভেঙে পড়া সমাজের এক একটি 'সিম্বল', প্রতীক। আমাদের সমাজ যে ভেঙে পড়েছে, আমাদের সামাজিক কাঠামো যে এমন দুর্বৃত্তপনা রুখতে অক্ষম, তারই জানান দিচ্ছে এমনসব ঘটনা। সুতরাং এসব প্রতিবাদের এবং প্রতিরোধের লক্ষ্য শুধু বিচার নয়, কাঠামো পরিবর্তন করা।

অচল কাঠামোর পরিবর্তে সচল একটি কাঠামো প্রতিস্থাপন করা। অতএব প্রতিবাদ বা বিচারই শেষ কথা নয়। বিষবৃক্ষের গোঁড়া না কেটে কাণ্ড কাটলে, নতুন কাণ্ড গজাবে। মূল উৎপাটনই মূল লক্ষ্য হতে হবে। মনোযোগ কেন্দ্রীভূত করতে হবে মূল কাঠামো পরিবর্তনের দিকে।

ক্রমবর্ধমান ধর্ষণ বা খুনের পেছনের কারণগুলো কী, এগুলো ভাবতে হবে, নির্ধারণ করতে হবে। অপরাধ বিজ্ঞানের মতে, যখন শাস্তি থেকে বাঁচার উপায় থাকে, কিংবা বিচার হয় সংশয়িত, তখন মানুষের ভেতর অপরাধ প্রবণতা বেড়ে যায়। মানুষ ক্রমেই অপরাধ প্রবণ হয়ে ওঠে।

আরেকটা কারণ হলো, 'সিলেক্টিভ জাস্টিস'। অমুক করলে শাস্তি হবে, অমুক করলে হবে না- এমন ধারণা থেকেও সমাজে বাড়ে অপরাধ প্রবণতা। শুধুমাত্র নুসরাত বা ঢাকা ভার্সিটির মেয়েটির প্রতি সংঘটিত দুর্বৃত্তপনার বিচারই শেষ কথা নয়।

তাই যদি হয় তবে যেসব ঘটনা 'ক্লিক' করেনি, সেসব ঘটনায় নির্যাতিত বা নিহতরা বিচার পাবে না, কারণ তাদের জন্য কোনো প্রতিবাদ হয়নি। দেশব্যাপী না হোক নিদেনপক্ষে রাজধানীতে বা এলাকাতেও কোনো মানববন্ধন, বিক্ষোভ হয়নি।

আর এই না হওয়ায় তাদের বিচার হবে না, এমনটাই ধারণা দাঁড়াবে মানুষের মনে। এটাও এক ধরণের সিলেক্টিভ জাস্টিস। প্রতিবাদ হলে বিচার হবে, না হলে হবে না। আমাদের এমন বিচারের ধারণা থেকে বেরুতে হবে।

এমন সামাজিক কাঠামো ভাঙতে হবে, নতুন করে গড়তে হবে এমন সমাজের নিয়ন্ত্রক রাষ্ট্রকাঠামোকেও। আর আন্দোলনটাও হবে এমন লক্ষ্যকে সামনে রেখেই। তবেই যদি দেশে বিচারের ন্যায়তা তথা সব মানুষের জন্য বিচার এবং সব মানুষকে রক্ষার প্রতিরক্ষা কাঠামো গড়ে ওঠে।

সুত্রঃ যুগান্তর

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ডামোশ গ্রামের আরমান আলীর কন্যা আরমিনা খাতুনকে কয়েক মাস পূর্বে বিয়ে দেওয়া হয়। আজ সোমবার আরমান আলী ওই বিয়ে উঠানো উপলক্ষে নিজ বাড়িতে ব্যাপক আনুষ্ঠানিকতার আয়োজন করেন।

বিয়ের সংবাদ পেয়ে আজ দুপুরে আলমডাঙ্গা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) সীমা শারমিন অনুষ্ঠানস্থলে উপস্থিত হন। তিনি বাল্যবিয়ের অজুহাতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে আরমান আলীকে ৫ হাজার টাকা জরিমানা করেন। সে সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ সৈয়দ আশিকুর রহমান।

উল্লেখ্য বাংলাদেশের সংবিধানে ইসলামের জায়েজ বিধানকে রহিত করে। আর কুফরি আইন দিয়ে মুসলিমদের বৈধ কাজকে অবৈধ করে। এমনকি জরিমানাও গুনতে হচ্ছে ইসলামের নিয়ম কানুন মানার জন্য।

সুত্রঃ কালের কণ্ঠ

শুরু হয়েছে মৌসুমের তৃতীয় শৈত্যপ্রবাহ। হিমেল হাওয়া আর হাড় কাঁপানো শীতে মানুষের পাশাপাশি পশুপাখির অবস্থাও কাহিল হয়ে পড়েছে। প্রচণ্ড ঠাণ্ডায় জ্বর, খাবার অরুচিসহ নানা রোগে ভুগছে রংপুর অঞ্চলের গরু-ছাগল, হাঁস-মুরগিসহ বিভিন্ন প্রাণি।

রংপুর প্রাণি সম্পদ অফিস সূত্র মতে, প্রতিটি জেলায় ৩৫ থেকে ৪০ লাখ গবাদি প্রাণী রয়েছে।

সেই হিসেবে উত্তরাঞ্চলের ১৬ জেলায় গরু-ছাগল, হাঁস-মুরগিসহ বিভিন্ন প্রজাতির প্রাণী রয়েছে প্রায় ৬ কোটি। অব্যাহত শীতে এসব প্রাণীর অবস্থা সঙ্কটাপন্ন। নানা রোগ বালাইয়ের কারণে হ্রাস পাচ্ছে এদের প্রজনন ক্ষমতাও।

ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে এ অঞ্চলের ওপর দিয়ে বয়ে যায় দ্বিতীয় শৈত্য প্রবাহ। এর রেশ কাটতে না কাটতেই ফের রবিবার রাত থেকে আবার শৈত্য প্রবাহ শুরু হয়েছে।

শীতের দাপট থেকে বাঁচতে অনেক খামারি গরম কাপড় বা চটের বস্তা দিয়ে গবাদি পশুর দেহ ঢেকে রাখছে। অবশ্য প্রাণী সম্পদ বিভাগের দাবি, এ পর্যন্ত তারা কোন প্রাণীর মৃত্যুর খবর পাননি।

তবে সূত্র মতে, শীতে গামবোরো জাতীয় রোগে প্রচুর পরিমাণে ব্রয়লার, কক, সোনালি ও লেয়ার মুরগি মারা যাওয়ার আশঙ্কা রয়েছে।

তাই এ রোগকে মুরগির এইডস বলা হয়। এছাড়া গরু মহিষের গলাফুলা রোগে প্রাণহানি ঘটতে পারে। এই রোগকে স্থান বিশেষে গলাফুলা, ব্যাংগা, ঘটু, গলগটু, গলবেরা রোগ বলা হয়। এছাড়া শীতে গরু, ছাগল, মহিষ ও ভেড়ার ক্ষুরা রোগের আশঙ্কা রয়েছে। শীতের কারণে গরুর বাদলা, ফ্যাসিওলিয়াসিস, তড়কাসহ বিভিন্ন রোগ দেখা দিতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

রংপুরের কাউনিয়া উপজেলার হারাগাছ এলাকার খামারি রমজান আলী জানান, শীতের কারণে তার কয়েকটি গরুর খাবার রুচি কমে গেছে এবং জ্বর জ্বর ভাব দেখা দেয়ায় তিনি চিকিৎসকের পরামর্শমত ওষুধ খাওয়াচ্ছেন। একই উপজেলার নাজিরদহ গ্রামের আতিয়ার রহমান জানান, তার একটি গরু শীতে কাহিল হয়ে পড়েছে। শীতের হাত থেকে বাঁচার জন্য গরুটিকে কম্বল দিয়ে ঢেকে রাখছেন তিনি। প্রকৃতিতে মাঘ মাসের আগমন হতে আরও কয়েকদিন বাকি আছে। অথচ পৌষের শেষ সপ্তাহে এসে গোটা উত্তরাঞ্চলে হাড় কাঁপানো ঠাণ্ডায় মানুষের পাশাপাশি প্রাণীকূলেও দেখা দিয়েছে নানান ভোগান্তি।

রংপুর জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা শাহ জালাল খন্দকার বলেন, ‘শীতে এখন পর্যন্ত কোন প্রাণীর মৃত্যুর খবর পাওয়া যায়নি। তবে প্রচণ্ড শীতের কারণে গরু ছাগলের জ্বর-সর্দিসহ নানা রোগে আক্রান্তের আশঙ্কা রয়েছে।

রংপুর আবহাওয়া অফিসের আবহাওয়াবিদ মোস্তাফিজার রহমান জানান, গত কয়েকদিন থেকে এই অঞ্চলের তাপমাত্রা ৮ থেকে ১০ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে উঠা নামা করছে। এর মধ্যে তেতুলিয়ায় সর্বনিম্ন তাপমাত্রা নেমেছিল ৪ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াসে। কয়েকদিনের বিরতির পর রবিবার রাত থেকে তাপমাত্রা কমতে শুরু করেছে। এ অবস্থা আরো কয়েকদিন থাকতে পারে।

সুত্রঃ বিডি প্রতিদিন

০৬ই জানুয়ারি, ২০২০

কথিত মুসলিম বিরোধী নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) ও দেশজুড়ে জাতীয় নাগরিক পঞ্জি (এনআরসি) বলবৎ করার কেন্দ্রীয় সিদ্ধান্তের বিরুদ্ধে পথে নেমেছে পূর্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ ভারত। এই পরিস্থিতিতে সিএএ চালু করতে প্রথম কাজ শুরু করতে চলেছে মুখ্যমন্ত্রী সন্ত্রাসী যোগী আদিত্যনাথের রাজ্য উত্তরপ্রদেশ।

‘সিএএ’ চালু করতে যোগী সরকারের পক্ষ থেকে নির্দেশিকা জারি করা হয়েছে। যাতে বলা হয়েছে, পাকিস্তান, আফগানিস্থান এবং বাংলাদেশ থেকে আসা মুসলিম ব্যতিত অন্যান্য শরণার্থী অর্থাৎ হিন্দু, শিখ, জৈন, বৌদ্ধ, পারসিক এবং খ্রিষ্টানদের একটি তালিকা তৈরি করা হবে, যাদের প্রথম ভারতের নাগরিকত্ব দেয়া হবে।

সিএএ-এর দেশে দেশজুড়ে চলা প্রতিবাদ ও হিংসায় সবচেয়ে বেশি মানুষ মারা গেছে যোগী রাজ্যে। এখন পর্যন্ত এর প্রতিবাদে প্রাণ হারিয়েছেন ২৮ জন উত্তরপ্রদেশের বাসিন্দা। যার জেরে যোগী আদিত্যনাথের অঙ্গুলিহেলনে উত্তরপ্রদেশে রাষ্ট্রীয় সন্ত্রাস চলছে বলে অভিযোগ করেছেন রাজ্যের বিশিষ্ট নাগরিক ও ধর্মগুরুরা। এখন দেখার উত্তরপ্রদেশে সিএএ-এর তালিকার কাজ শুরু হলে সেখানকার বাসিন্দাদের মধ্যে কী প্রতিক্রিয়া হয়।

সূত্র : টিওআই।

মুসলিমবিদ্বেষী নাগরিকত্ব আইন ও বিতর্কিত নাগরিকপঞ্জির বিরুদ্ধে ভারতে বিক্ষোভ নতুন নয়। তবে এ ধরনের বৈষম্যমূলক আইনের ডামাডোলে হারিয়ে গেছে বেকারত্ব, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির মতো গুরুতর বিষয়গুলো। বিরোধীদের দাবি, দেশের অর্থনৈতিক সংকট থেকে জনগণের দৃষ্টি ভিন্ন দিকে ফেরাতেই মেরুকরণের রাজনীতি করছে সন্ত্রাসী দল বিজেপি। এমন পরিস্থিতিতে অভিনব এক দাবি নিয়ে রাজপথে নামতে যাচ্ছে দেশটির বামপন্থীরা। তাদের দাবি, নাগরিকপঞ্জি নয়, এবার ভারতের বেকারপঞ্জি করা হোক। লক্ষ্য নতুন প্রজন্মকে পাশে নিয়ে ঘুরে দাঁড়ানো। ৩ জানুয়ারি শুক্রবার এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম জি নিউজ।

পরিসংখ্যানের বরাত দিয়ে প্রতিবেদনে বলা হয়, ভারতের জিডিপি এখন তলানিতে। ৪৫ বছরের মধ্যে বেকারত্ব সর্বোচ্চ। বাজারে আগুন। নাগরিকপঞ্জি-নাগরিকত্ব আইন নিয়ে ডামাডোলের মাঝে হারিয়ে গেছে দেশের অর্থনীতি। চলমান আন্দোলনের সঙ্গে তাই বেকারত্ব নিয়েও রাজপথে নামতে যাচ্ছে বামপন্থী যুব ও ছাত্ররা।

তাদের দাবি, এনআরসি নয়, বরং দেশজুড়ে চালু হোক 'ন্যাশনাল রেজিস্টার অব বেরোজগারি' বা এনআরবি। একইভাবে নাগরিকত্ব আইন (সিএএ)-এর বদলে বিএএ চালুর দাবি তুলছে তারা। এই বিএএ-এর পূর্ণরূপ হচ্ছে 'বেরোজগারি অ্যাবোলিশন অ্যাক্ট' বা বেকারত্ব বিলোপ আইন।

আগামী ১০ জানুয়ারি থেকে এ সংক্রান্ত ফরম বিতরণ করবে বামপন্থীরা। এতে জানতে চাওয়া হবে, আপনি বেকার নাকি চাকরিজীবী? কাজ করলে কি ধরনের প্রতিষ্ঠান?দৈনিক আয় কত?

বাম ছাত্র-যুবদের দাবি, দেশজুড়ে যেখানে বেকারত্ব সংখ্যা বাড়ছে, দ্রব্যমূল্যের দাম আকাশছোঁয়া, সেখানে কেন্দ্রীয় সরকারকে অবিলম্বে সবার কাজ সুনিশ্চিত করতে নতুন আইন আনতে হবে।

ভারতের কমিউনিস্ট পার্টি-মার্ক্সবাদী (সিপিএম)-এর যুব সংগঠন ডিওয়াইএফআই-এর পশ্চিমবঙ্গ রাজ্য সম্পাদকের দায়িত্ব পালন করছেন সায়নদীপ মিত্র। তিনি বলেন, 'সবার পেটে

ভাত, সবার হাতে কাজ চাই আমরা। এনআরসি জুজু দেখিয়ে আতঙ্ক ছড়ালে হবে না। দেশে বেকার বাড়ছে, মোদি বাবু সমাধান করুন।'

অনেকেই ভাবছিলেন, কাশ্মির থেকে ৩৭০ অনুচ্ছেদ প্রত্যাহার, তারপর নাগরিকপঞ্জি, নাগরিকত্ব আইন নিয়ে ডামাডোলের মাঝে 'নিখোঁজ' হয়ে গেছে শিক্ষিত তরুণ-তরুণীদের কর্মসংস্থানের মতো গুরুতর বিষয়। আচ্ছে দিনের প্রতিশ্রুতি দিয়ে ক্ষমতায় এসেছিল নরেন্দ্র মোদি। কিন্তু ছয় বছর পর পাকিস্তান আর হিন্দু-মুসলিম বৈষম্যের বাইরে এই 'আচ্ছে দিন' মুখেই আনছে না ।

উল্লেখ্য, ছয় বছর আগে এই 'আচ্ছে দিন' বা সুদিন আনার প্রতিশ্রুতি দিয়েই ক্ষমতায় এসেছিল বিজেপি। যদিও দলটির নেতারা এখন আর এটি সামনে নিয়ে আসতে আগ্রহী নয়।

বিজেপি-র অভিধান থেকে দৃশ্যত 'আচ্ছে দিন' হারিয়ে গেলেও বহাল তবিয়তে আছে পাকিস্তান জুজুর ভয় দেখানোর পুরনো কৌশল।

সূত্র: বাংলা ট্রিবিউন

দেশজুড়ে সিএএ বিরোধী আন্দোলন চলছে। বাংলা, কেরালা সহ বেশ কয়েকটি রাজ্যের সরকার ডিটেনশন ক্যাম্প নির্মাণের কাজ বন্ধ বলে ঘোষণা করেছে। বিতর্কের মাঝেই গুয়াহাটি মেডিক্যাল কলেজে ডিটেনশন ক্যাম্পের এক বন্দির মৃত্যু হল। দশ দিন আগে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন ওই ব্যক্তি। এই নিয়ে আসামের ডিটেনশন ক্যাম্পে বন্দি মৃত্য সংখ্যা পৌঁছাল ২৯শে। গোটা রাজ্যে প্রায় হাজার জন আসামের বিভিন্ন ডিটেনশন ক্যাম্পে বন্দি।

বর্তমানে আসামে ৬টি ডিটেনশন ক্যাম্প রয়েছে। এগুলি জেলা সংশোধনাগারের সঙ্গে যুক্ত। প্রত্যেকটিতেই প্রায় হাজার জন করে থাকতে পারেন। গোয়ালপাড়ায় সপ্তম ডিটেনশন ক্যাম্পটি নির্মিয়মান অবস্থায় রয়েছে। আসাম সরকারের দাবি অনুশারে, ফরেন ট্রাইবুইবুনালে যে ২৪ জনকে বেআইনি অনুপ্রবেশকারী হিসাবে গন্য করা হয়েছে গত তিন বছরে তাদেরই মৃত্যু হয়েছে।

গত জুলাইতে আসামের পরিষদীয় মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী বিধানসভায় বলেছিলেন রাজ্যের ৬টি ডিটেনশন ক্যাম্পে ২৫ জনের মৃত্যু হয়েছে। ২০১৮-১৯ সালের জুলাই পর্যন্ত প্রাণ গিয়েছে ৭জনের। ২০১১ ও ২০১৬ সালে মৃত্যুর সংখ্যা যথাক্রমে ছিল ১ এবং ৪। অসুস্থতার কারণেই এই মৃত্যু বলে সরকারি তথ্যে প্রকাশ।

বিধানসভার রিপোর্ট অনুশারে মৃতদের মধ্যে মাত্র ২ জনের ঠিকানা বাংলাদেশের। বাকিদের বাড়ির ঠিকানা আসামেরই। রাজ্য বিধানসভায় মন্ত্রী চন্দ্রমোহন পাটোয়ারী বলেছিলেন, 'ক্যাম্পে আটক অবস্থায় অসুস্থ হয়ে পড়লে তাদের হাসপাতালে ভর্তি করা হয়। পরে সেখানেই মৃত্যু হয় তাদের।

সূত্র: ইন্ডিয়ান এক্সেপ্রেস বাংলা

উত্তর ভারতের মিরাত শহরের লিসারি গেটের কাছে মানুষেরা রাতের বেলা তাদের বাড়ির বাইরে সংকীর্ণ লেনে বসে পাহারা দিচ্ছে এখন। কোন অপরাধী চক্র বা গ্রুপ বা চোর-ডাকাতের কারণে নয়, বরং পুলিশের হাতে গ্রেফতার হওয়ার ভয়ে এই পাহারা বসিয়েছে তারা।

এই এলাকাটা উত্তর প্রদেশ রাজ্যের মধ্যে পড়েছে এবং সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট অ্যাক্টের (সিএএ) বিরুদ্ধে বিক্ষোভে এই এলাকা প্রকম্পিত হয়ে উঠেছে। পুলিশ জানিয়েছে, ২০ ডিসেম্বর এই এলাকার বিক্ষোভ সহিংসতায় রূপ নেয়।

লিসারি গেট এলাকায় পাঁচজন মানুষকে গুলি করে হত্যা করা হয়েছে, যেটাকে পুলিশের বাড়াবাড়ি হিসেবে উল্লেখ করছে স্থানীয়রা।

এ ব্যাপারে তদন্ত শুরু হয়েছে। মুসলিম-প্রধান এলাকাগুলোতে পুলিশের প্রতি আস্থা স্মরণকালের মধ্যে সর্বনিম্ন পর্যায়ে চলে গেছে। ফলে সিএএ নিয়ে মুসলিমদের পরিণতি কি হতে পারে, সেটা নিয়ে উদ্বেগ অনেক বেড়ে গেছে।

২৫ বছর বয়সী খুচরা কাগজের ডিলার মোহাম্মদ ওয়াসিম বলেন, "আমি রাতে জেগে থাকি আর দিনে ঘুমাই। মহিলারা বাড়ির ভেতরে ঘুমায়। আমি অন্যান্য পুরুষদের সাথে লেনে বসে পাহারা দিই"।

বাড়ির মাত্র কয়েক মিটার দূরে ওয়াসিমের ভাই মোহাম্মদ মহসিন গুলিবিদ্ধ হয়ে নিহত হয়। ওয়াসিম বললেন, "মহিষের খাবার কিনতে সে বাইরে গিয়েছিল। সে এমনকি বিক্ষোভে অংশও নেয়নি"। ওয়াসিম কোনরকমে আয় করে জীবিকা নির্বাহ করে এবং এখন তার কাঁধে তার ভাইয়ের পরিবারের দায়িত্বও চেপেছে।

গত মাসে ভারতের পার্লামেন্টে সিএএ পাস হওয়ার পর থেকে পুরো ভারতে বিক্ষোভ ছড়িয়ে পড়েছে। এই আইনে আফগানিস্তান, পাকিস্তান ও বাংলাদেশ থেকে অমুসলিম অবৈধ অভিবাসীদেরকে ভারতের নাগরিকত্ব দেয়ার বিধান রাখা হয়েছে।

উত্তর প্রদেশের সরকার পরিচালনা করছে বিতর্কিত হিন্দু পুরোহিত সন্ত্রাসী যোগি আদিত্যনাথ এবং এই আইনকে ঘিরে রাজ্যে ব্যাপক সহিংসতা ছড়িয়ে পড়েছে।

বিগত চার সপ্তাহে সারা ভারতে যে ২৫ জন নিহত হয়েছে, এর মধ্যে ১৯ জনই নিহত হয়েছে উত্তর প্রদেশে। ভারতের মধ্যে সবচেয়ে জনবহুল এই রাজ্যের জনসংখ্যা ২০০ মিলিয়নের বেশি। নিহতদের অধিকাংশই মুসলিম, এবং এদের মধ্যে আট বছর বয়সী এক শিশুও রয়েছে।

পুলিশ বিক্ষোভকারীদের উপর অতিরিক্ত বল প্রয়োগের অভিযোগ অস্বীকার করেছে। অন্যদিকে যোগী আদিত্যনাথের রাজ্য সরকার বিক্ষোভকারীদের দমনে বল প্রয়োগের ক্ষেত্রে পুলিশকে সমর্থন দিয়ে যাচ্ছে।

বিক্ষোভকারীদের বিরুদ্ধে 'বদলা' নেয়ার ঘোষণা দিয়ে আদিত্যনাথ তার অতি-সমালোচিত পরিকল্পনা প্রকাশ করেছে যে, বিক্ষোভকালে যে জনসম্পদের ক্ষতি হয়েছে, তার মূল্য সে আদায় করবে।

মিরাতে স্থানীয় প্রশাসন ৫ মিলিয়ন রুপি পুনরুদ্ধারের পরিকল্পনা নিয়েছে। এ পর্যন্ত ৩৬ জনকে গ্রেফতার করা হয়েছে।

একই সাথে অনলাইনে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা গেছে যে, পুলিশ মিরাত এলাকার সিসিটিভিগুলো ভেঙ্গে দিচ্ছে।

লিসারি গেট এলাকার মানুষেরা এখন আতঙ্কের মধ্যে বাস করছে। যে সব সড়ক সাধারণত গভীর রাত পর্যন্ত প্রাণচঞ্চল থাকে, সেগুলো রাত ৯টাতেই শুনশান হয়ে পড়ছে।

বিক্ষোভ এবং এর বিরুদ্ধে ষাঁড়াশি অভিযানের কারণে পরিস্থিতি এখন এমন দাঁড়িয়েছে যে, সিএএ'র বিরুদ্ধে বিরোধিতার বিষয়টিকে এখন নিজেদের মধ্যেই সীমিত রাখতে হচ্ছে বিক্ষোভাকারীদের।

সূত্র: সাউথ এশিয়ান মনিটর

০৫ই জানুয়ারি, ২০২০

খুলনায় কর্তব্যরত অবস্থায় একাত্তর টেলিভিশনের খুলনা ব্যুরো প্রধান রকিব উদ্দিন পান্নু, ক্যামেরা পারসন আরিফ হোসেন সোহেলের ওপর হামলা ও ক্যামেরা ভাঙচুরের ঘটনা ঘটেছে। খুলনা ওয়াসার পাইপলাইন কাজে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তা ও সন্ত্রাসী পুলিশের ট্রাফিক বিভাগের এক সদস্যের সহায়তায় এ ঘটনা ঘটে।

এ ঘটনার প্রতিবাদে খুলনার কর্মরত সাংবাদিক জোড়াগেট সংলগ্ন খুলনা-যশোর মহাসড়ক অবরোধ করে দেড় ঘণ্টাব্যাপী বিক্ষোভ প্রদর্শন করে।

আজ রবিবার দুপুর সোয়া ১২টার দিকে জোড়াগেট এলাকায় এ ঘটনা ঘটে।

সাংবাদিক রকিব উদ্দিন পান্নু বলেন, জোড়াগেট এলাকায় ওয়াসার পাইপ লিকেজ হয়ে পানি বের হওয়ার খবর পেয়ে ঘটনাস্থলে যাই। সেখানে মোবাইলে ওই চিত্র ধারণ করছিলাম। এ সময় কর্মরত খুলনা ওয়াসার পানি সরবরাহ প্রকল্পের চায়না প্রকৌশলী আকস্মিকভাবে আমাকে কিল, ঘুষি, লাথি মেরে আমাকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। তখন আমি ওই কর্মকর্তাদের নিজেকে বার বার সাংবাদিক বলে পরিচয় দিলেও তারা থামেনি। আমি বার বার বলি 'স্টপ, প্লিজ আই এম জার্নালিস্ট'। এক পর্যায়ে ক্যামেরাম্যান আরিফুর রহমান সোহেলের ওপরেও হামলা চালায় ঠিকাদারের লোক ও সন্ত্রাসী পুলিশ। হামলাকারীরা ক্যামেরাম্যানের ক্যামেরা ভাঙচুর করে। খবর পেয়ে ট্রাফিক ইন্সপেক্টর আবুল বাশার এসে ওয়াসার পক্ষ নিয়ে আমাকে উল্টো হ্যান্ডকাপ পরিয়ে নিজে মারধর করে ও ওয়াসার লোকজনদের মারধরে সহযোগিতা করে। পরে পুলিশ আমাকেই থানায় নেওয়ার চেষ্টা করে। খবর পেয়ে সাংবাদিকরা উপস্থিত হলে আমাকে ছেড়ে দেয়।

এদিকে এ খবর ছড়িয়ে পড়ছে বিক্ষুদ্ধ সাংবাদিকরা ঘটনাস্থলে জড়ো হয়ে সাংবাদিক লাঞ্ছণার বিচার দাবিতে সড়ক অবরোধ করেন। তারা দ্রুত এ ঘটনায় দায়ী ওয়াসার দেশি-বিদেশি ঠিকাদার, কর্মকর্তা, সন্ত্রাসী পুলিশ কর্মকর্তার শাস্তি দাবি করেন।

সুত্রঃ কালের কণ্ঠ

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) সন্ত্রাসী ছাত্রলীগের নেতাকর্মীদের দ্বারা সজীব বণিক নামে এক সাংবাদিককে মারধরের অভিযোগ পাওয়া গেছে। শনিবার রাত ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলে হামলার শিকার হন ওই সাংবাদিক। আহত সজীব দৈনিক বিজনেস বাংলাদেশ পত্রিকার কুবি প্রতিনিধি হিসেবে কর্মরত আছেন। এ ব্যাপারে হল প্রভোস্ট ও বিশ্ববিদ্যালয় প্রক্টর বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন ভুক্তভোগী সাংবাদিক।

মারধরের পর রাত ১টার দিকে আহত ওই সাংবাদিককে চিকিৎসার জন্য কুমিল্লা মেডিক্যাল কলেজ (কুমেক) হাসপাতালে নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন সাংবাদিক ও শিক্ষার্থী জানান, রাতে শহীদ ধীরেন্দনাথ দত্ত হলের ২০৪ নম্বর রুমের সিট নিয়ে কথা বলার সময় এক পর্যায়ে সাংবাদিক সজীব বণিকের জিনিসপত্র ভাঙচুর করে বিশ্ববিদ্যালয় সন্ত্রাসী ছাত্রলীগ কর্মী রাজু আহমেদ।

এ সময় ওই সাংবাদিক প্রতিবাদ করলে বিশ্ববিদ্যালয় শাখা সন্ত্রাসী ছাত্রলীগের সদস্য ও হল ছাত্রলীগের যুগ্ম সম্পাদক মিরাজ খলিফা, ইমতিয়াজ শাহরিয়ার, ছাত্রলীগ নেতা রাজু আহমেদ, মুনতাসির হৃদয়, মুক্তার হোসাইনসহ বেশ কয়েকজন ছাত্রলীগ নেতাকর্মী সাংবাদিক সজীবকে মারধর করে ও হুমকি দেয়।

আহত সজীব বণিক বলেন, মারধর ও পেটানোর সময় আমাকে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করে হামলাকারী ওই সন্ত্রাসী ছাত্রলীগ নেতারা।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের দৈনিক সংবাদের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ও সাংবাদিক সমিতির (কুবিসাস) সভাপতি জাহিদুল আলম জানান, 'বিশ্ববিদ্যালয়ে হলের কক্ষেই সন্ত্রাসী ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মী সাংবাদিক সজীবকে পিটিয়েছে। একজন শিক্ষার্থী ও সাংবাদিককে পেটানোর ঘটনায় আমরা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। পাশাপাশি অভিযুক্তদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য কুবি প্রশাসনের কাছে দাবি করছি।'

সুত্রঃ কালের কন্ঠ

দিন যত যাচ্ছে মানুষ ততই প্রযুক্তি নির্ভর হচ্ছে। আর এই মাত্রাকে আরও বহুগুণে বাড়িয়ে দিয়েছে ইন্টারনেট তথা সাইবার দুনিয়া। তবে সেক্ষেত্রে বেশ কিছু সমস্যাও দেখা দিয়েছে। যেমন, হ্যাকিংয়ের মাধ্যমে কম্পিউটারের তথ্য থেকে শুরু করে ফেসবুকের একাউন্ট, ব্যাংকের ক্রেডিট বা ডেবিট কার্ড, ই-মেইল ইত্যাদি অনেক কিছুই চলে যাচ্ছে অনাকাঙ্ক্ষিত ব্যক্তির কাছে।

তবে এ সমস্যা সমাধান সম্ভব যদি আপনি এর পাসওয়ার্ড সংক্রান্ত বিষয়ে একটু সচেতন থাকেন।

১. কোন জায়গায় আপনার পাসওয়ার্ড প্রবেশ করছেন সতর্ক থাকুন
কোন সাইট বা অ্যাপে প্রবেশ করার সময় বা পাবলিক কিউস্ক বা চার্জিং স্টেশনগুলোতে পাসওয়ার্ড প্রবেশ করার ক্ষেত্রে সতর্ক থাকতে হবে। পাবলিক ওয়াইফাই, এয়ারপোর্ট, প্রিয় কফি শপ, হোটেল কক্ষ বা আপনার কলেজ ক্লাসরুমের কম্পিউটারে পাসওয়ার্ড ব্যবহারে বিরত থাকতে হবে।

আর সেসব পাবলিক জায়গাগুলো থেকে কখনোই আপনার পাসওয়ার্ড পরিবর্তন করবেন না। ব্যক্তিগত স্মার্টফোন বা কম্পিউটার থেকেই সেটা করতে হবে।

২. প্রতিটি ওয়েবসাইট বা অ্যাপে অনন্য পাসওয়ার্ড ব্যবহার করুন
অনেকে একই পাসওয়ার্ড ব্যবহার করে বিভিন্ন একাউন্টে। ফেসবুক, মেইল, ইয়াহু বা বিভিন্ন ওয়েবসাইটে একই পাসওয়ার্ড ব্যবহার করার মতো বোকামি করে অনেকে। কিন্তু এটা অনেক বড় নিরাপত্তা ঝুঁকি।

কোন মতে একটা পাসবওয়ার্ড ফাস হয়ে গেলে আপনার সব একাউন্ট কিন্তু ঝুঁকিতে পড়ে গেল।

৩. শক্ত পাসওয়ার্ড তৈরি করুন
শক্ত পাসওয়ার্ড বলতে আপনার পাসওয়ার্ড ১০ থেকে ১৫ ক্যারেক্টারের হওয়া উচিত। এবং সেখানে স্মল লেটার, ক্যাপিটাল লেটার, সংখ্যা বা বিশেষ ক্যারেক্টার যেমন @, $ বা * রাখা দরকার। এবং সেটা আগের কোন পাসওয়ার্ডের মতো হওয়া যাবে না।

৪. আপনার একাউন্টে আক্রমণ করার চেষ্টা হলে নোট রাখুন
যদি খবর পান আপনার ব্যবহৃত ওয়েবসাইট বা অ্যাপে কোন আক্রমণ হয়েছে তাহলে সেটা সতর্কতার সাথে আমলে নিতে হবে। অন্য কেউও যদি আক্রান্ত হয় তাহলেও নজর দিবেন। আর দ্রুত পাসওয়ার্ড পাল্টে ফেলাও জরুরী হতে পারে।

৫. কয়েক স্তরের নিরাপত্তা ব্যবহার করুন
আপনার একাউন্টে প্রবেশ করার জন্য দু'স্তর বা তার চেয়ে বেশি স্তরের অথেন্টিকেশন ব্যবহার করুন। কোন একাউন্টে প্রবেশ করতে হলে আপনার ফোন নাম্বার বা কয়েক স্তরের পদক্ষেপ যেন নিতে হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

৬. সহজে অনলাইনে পাওয়া এমন তথ্য দিয়ে পাসওয়ার্ড নয়
ধরেন আপনার পোষা বিড়ালটাকে খুব পছন্দ করেন। তার নাম রাখলেন সুইটি। এখন সেটা দিয়ে যদি পাসওয়ার্ড রাখেন তাহলে অন্যরা কিন্তু ধরে ফেলতে পারেন। আপনি গাযওয়া হিন্দের ফ্যান তাই বলে গাযওয়া হিন্দের পাসওয়ার্ডে নিয়ে আসবেন না।

৭. যুক্ত একাউন্ট এড়িয়ে চলুন
যুক্ত একাউন্ট বিষয়টি কি? ফেসবুক একাউন্ট ব্যবহার করে আপনি ইচ্ছে করলে অন্যান্য সাইটেরও একাউন্ট খুলতে পারেন। কিন্তু এটা না করে সেই ওয়েবসাইটে গিয়ে নতুন করে একাউন্ট খোলাই ভালো। যুক্ত একাউন্ট অনেক আরামদায়ক। কিন্তু এ আরামদায়ক ব্যবস্থার অনেক ঝুঁকি আছে!

সূত্র: বিজনেস ইনসাইডার

অস্ট্রেলিয়ার দাবানল ভয়াবহ রূপ নিয়েছে। তাপমাত্রা ক্রমশ বাড়ছে। দেশটির সব স্থানে তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াসের ওপরে। সেই সঙ্গে বইছে প্রবল ঝড়ো হাওয়া।

এ পরিস্থিতি মোকাবিলায় তিন হাজার সেনা মোতায়েন করতে যাচ্ছে দেশটি। এ ধরনের ঘটনা অস্ট্রেলিয়ার ইতিহাসে এই প্রথম।

এ ব্যাপারে আন্তর্জাতিক সংবাদমাধ্যমের খবরে বলা হয়, শনিবার এক সংবাদ সম্মেলনে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন ঘোষণা দিয়েছে, দাবানল পরিস্থিতি মোকাবিলায় দেশজুড়ে তিন হাজার সেনা মোতায়েন করা হবে।

এছাড়া, চারটি পানি-ছিটানো প্লেনের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে ২০ মিলিয়ন অস্ট্রেলিয়ান ডলার।

এসময় মরিসন বলেছে, আমরা দেখছি, দুর্যোগ বেড়ে ভয়াবহ এক পর্যায়ে পৌঁছে গেছে।

প্রতিরক্ষামন্ত্রী লিন্ডা রেনল্ডস বলেছে, দুর্যোগ মোকাবিলায় সেনা মোতায়েনের ঘটনা অস্ট্রেলিয়ার ইতিহাসে এ প্রথম ঘটেছে।

উল্লেখ্য, সেপ্টেম্বর থেকে দাবানলে এ পর্যন্ত অন্তত ২৩ জনের প্রাণহানি হয়েছে। নিখোঁজ রয়েছেন কয়েক ডজন মানুষ।

এছাড়া, পুড়ে গেছে ১৫শ' বসতবাড়ি।

অনেক বছর ধরে মানুষ খাবারের সঙ্গে 'কালিজিরা' গ্রহণ করে আসছে। কালিজিরার তেলও আমাদের শরীরের জন্য নানাভাবে উপকারি। এতে আছে প্রায় ২১ শতাংশ আমিষ, ৩৮ শতাংশ শর্করা এবং ৩৫ শতাংশ ভেষজ তেল ও চর্বি।

১. কালিজিরার তেলের উপকার শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

২. কালিজিরায় থাকা অ্যান্টিমাইক্রোরিয়াল এজেন্ট শরীরের রোগ-জীবাণু ধ্বংস করে। এই উপাদানের জন্য শরীরে সহজে ঘা, ফোড়া, সংক্রামক রোগ হতে বাধা দেয়।

৩. এতে রয়েছে ক্ষুধা বাড়ানোর উপাদান।

পেটের যাবতীয় রোগ-জীবাণু ও গ্যাস দূর করে ক্ষুধা বাড়ায়। যারা মোটা হতে চান, তাদের জন্য কালিজিরা উপকারী পথ্য।

৪. চুল পড়া কমাতে ও ত্বকের সুস্বাস্থ্য বজায় রাখতে কালিজিরার তেলের তুলনা হয় না।

৫. দাঁতে ব্যথা হলে কুসুম গরম পানিতে কালিজিরা দিয়ে কুলি করলে ব্যথা কমে। জিহ্বা, তালু, দাঁতের মাড়ির জীবাণু মরে।

সন্ত্রাসী ছাত্রলীগ বরিশালের গৌরনদীতে ঢাকা–বরিশাল মহাসড়ক আটকে সমাবেশ ও কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন করেছে। উপজেলার গয়না ঘাটা ব্রিজ এলাকায় গতকাল শনিবার এ কর্মসূচির সময় আধা ঘণ্টা ওই মহাসড়কে সব ধরনের যান চলাচল বন্ধ ছিল। এতে দুর্ভোগ পোহাতে হয় যানবাহনের যাত্রীদের।

প্রথম আলোর সূত্রে জানা গেছে, সন্ত্রাসী ছাত্রলীগের ৭২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বেলা ১১টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কে গয়না ঘাটা ব্রিজ এলাকায় ছাত্রলীগের প্রায় ৮–১০ হাজার নেতা–কর্মী জড়ো হয়ে সমাবেশ করে। কর্মসূচিতে নেতৃত্ব দেন সরকারি গৌরনদী কলেজ ছাত্র সংসদের সাবেক ভিপি সুমন মাহমুদ, কলেজ ছাত্রলীগের সভাপতি সাখাওয়াৎ হোসেন ওরফে সুজন ও পৌর ছাত্রলীগের সভাপতি মো মিলন খলিফা। এ সময় মহাসড়কের ওপরে টেবিল বসিয়ে বিশাল আকারের একটি কেক কাটা হয়। এতে যান চলাচল বন্ধ হয়ে যাওয়ায় মহাড়কের দুই পাশে দূরপাল্লার যানবাহনসহ শত শত গাড়ি আটকা পড়ে। প্রায় ৩৫ মিনিট মহাসড়ক আটকে কর্মসূচি পালন শেষে নেতা–কর্মীরা শোভাযাত্রা বের করেন। পরে শোভাযাত্রাটি গৌরনদী বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।

নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় লোকজন জানান, মহাসড়কে এ ধরনের অনুষ্ঠান করলেও আওয়ামী দালাল প্রশাসন নীরব ভূমিকা পালন করে।

দূরপাল্লার বাসচালক আবু তালেব (৪৪), খবির হোসেন (৪৬) ও কাদের সরদার (৬০) ক্ষোভ প্রকাশ করে বলেন, মহাসড়ক আটকে কেক কাটার এমন ঘটনা তাঁরা কখনো দেখেননি। এতে মানুষকে বেশ দুর্ভোগ পোহাতে হয়েছে।

এভাবে প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন করা প্রসঙ্গে গৌরনদী উপজেলা ছাত্রলীগের সভাপতি জোবায়েরুল ইসলামের কাছে জানতে চাইলে তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি।

গৌরনদী হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মুজাহিদুল ইসলাম বলেন, ‘বিষয়টি সম্পর্কে আমি অবগত নই।’

সামান্য বৃষ্টিতে কাদাপানিতে একাকার চট্টগ্রাম নগরের স্ট্যান্ড রোড। গতকাল বিকেল সাড়ে চারটায়। সৌরভ দাশকর্ণফুলী নদীর তীরে অবস্থিত স্ট্যান্ড রোডের পাশে রয়েছে ৬টি জেটি ও ১৬টি ঘাট। আছে বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠান, ভোগ্যপণ্যের গুদাম ও পোশাক কারখানা। এ সড়কে চলাচল করে শত শত ভারী যানবাহন। চলাচল হাজারো মানুষের। গুরুত্বপূর্ণ ও ব্যস্ততম সড়কে ছয় মাস ধরে দুর্ভোগ লেগে আছে।

সড়কের দুটি পুরোনো কালভার্ট ভেঙে চার কোটি টাকা ব্যয়ে নতুন করে নির্মাণ করছে চট্টগ্রাম সিটি করপোরেশন। গত ডিসেম্বরে মেয়াদ শেষ হলেও কাজ হয়েছে মাত্র ২৫ শতাংশ। আবার পানির পাইপ বসাতে চলছে ওয়াসার খোঁড়াখুঁড়ি। এসব কারণে লেগে আছে যানজট। শুষ্ক মৌসুমে ধুলার যন্ত্রণায় চলাচল করা দায় হয়ে পড়েছে। আবার বৃষ্টি হলে কাদাপানিতে একাকার হয়ে পড়েছে সড়ক। স্থানীয় লোকজনের ভাষ্য, উন্নয়ন–যন্ত্রণায় ভুগছেন তাঁরা।

গুরুত্বপূর্ণ এই সড়কের বেহাল দশা নিয়ে স্থানীয় বাসিন্দা, ব্যবসায়ী ও চালকেরা ক্ষুব্ধ। মাসের পর মাস পার হলেও কাজের ধীরগতির কারণে যানজটসহ প্রতিদিন বিভিন্ন ধরনের ভোগান্তি পোহাতে হচ্ছে বলে অভিযোগ করেন তাঁরা। সড়ক সংকুচিত হয়ে যাওয়ায় দুর্ঘটনার ঝুঁকিও তৈরি হয়েছে বলে জানান তাঁরা।

নগরের সদরঘাট থেকে শুরু হওয়া এই সড়ক শেষ হয়েছে আগ্রাবাদের বারিক বিল্ডিং মোড়ে এসে। কর্ণফুলী নদীর তীরে অবস্থিত দুই কিলোমিটার দীর্ঘ সড়কটি নানা কারণে গুরুত্বপূর্ণ ও ব্যস্ত। এই সড়কে রয়েছে পদ্মা অয়েল কোম্পানির প্রধান কার্যালয়। আছে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও পোশাক কারখানা। এই সড়কের পাশে রয়েছে ছয়টি জেটি এবং বাংলাবাজার, মাঝিরঘাটসহ ১৬টি ঘাট।

বিদেশ থেকে আসা পণ্যবাহী বড় জাহাজগুলো প্রথমে বন্দরের বহির্নোঙরে অবস্থান করে। এসব জাহাজের পণ্য লাইটার জাহাজে স্থানান্তর করা হয়। লাইটার জাহাজগুলোর পণ্য স্ট্যান্ড রোড এলাকার জেটি ও ঘাটে খালাস করা হয়। চট্টগ্রাম অঞ্চলের পণ্য মাঝিরঘাটের বিভিন্ন গুদামে রাখা হয়। আর চট্টগ্রামের বাইরে পণ্য ঘাট থেকে গাড়ি করে সরাসরি নির্দিষ্ট গন্তব্যে নিয়ে যাওয়া হয়। পণ্য পরিবহনের কারণে এই সড়ক দিয়ে প্রতিদিন শত শত কাভার্ড ভ্যান, ট্রাক ও লরি চলাচল করে।

সিটি করপোরেশন সূত্র জানায়, স্ট্যান্ড রোডের পুরোনো কাস্টমসের সামনের কালভার্টের দৈর্ঘ্য ২০ ফুট ও প্রশস্ততা ৪০ ফুট। ১ কোটি ৮২ লাখ টাকা ব্যয়ের এই নির্মাণকাজের কার্যাদেশ পেয়েছে মেসার্স সেলিম অ্যান্ড ব্রাদার্স-মেসার্স এ টি কনস্ট্রাকশন (জেভি)। অন্য কালভার্টটির ১৫ ফুট দৈর্ঘ্য ও প্রশস্ততা ৪৫ ফুট। ব্যয় ধরা হয়েছে ২ কোটি ২৭ লাখ টাকা। এটির কাজ করছে মেসার্স এ অ্যান্ড আর ট্রেডিং।

সড়কের পুরোনো কাস্টমস এলাকার বাসিন্দা চাকরিজীবী মোহাম্মদ আমির হোসেন সেতুর নির্মাণকাজের ধীরগতির কারণে ক্ষোভ প্রকাশ করেন। তিনি প্রথম আলোকে বলেন, সেতু দুটির কারণে তাঁদের কষ্টের শেষ নেই। এর মধ্যে ওয়াসার রাস্তা খোঁড়াখুঁড়িও ছিল। এসব কারণে বাসা থেকে বের হওয়ায় কঠিন হয়ে পড়েছে তাঁদের।

স্থানীয় ব্যবসায়ী মোহাম্মদ খলিল বলেন, পণ্য পরিবহনের জন্য এটি (স্ট্যান্ড রোড) নগরের সবচেয়ে গুরুত্বপূর্ণ সড়ক। কিন্তু সেতুর নির্মাণকাজের কারণে সড়কের প্রশস্ততা কমে গেছে। ফলে পণ্যবাহী গাড়ির জট লেগে থাকে। জরুরি প্রয়োজনে তাঁরা কোথাও যেতে পারেন না। রোগীকে হাসপাতালে বা চিকিৎসকের কাছে নিয়ে যাওয়ার সময় সবচেয়ে বেশি সমস্যা হয়।

গতকাল শনিবার বিকেলে সরেজমিনে দেখা যায়, বৃষ্টির কারণে সদরঘাট থেকে সড়কটি কর্দমাক্ত হয়ে পড়েছে। সংস্কারের অভাবে বিভিন্ন জায়গায় সৃষ্টি হয়েছে গর্ত। পুরোনো কাস্টমস এলাকার কালভার্টের জন্য এক পাশ উন্মুক্ত অবস্থায় ফেলে রাখা হয়েছে। এ ছাড়া এই অংশে রাখা হয়েছে পানির পাইপ বসানোর নানা সরঞ্জাম। অন্য পাশেও চলছে কালভার্টের নির্মাণকাজ।

সরকার আসে, সরকার যায়, দিন বদলায় না। বদলায় না সাধারণ মানুষের যন্ত্রণার কাহিনি। আরও একবার সেই রূঢ় বাস্তবের সামনে দাঁড়াল ভারত। তথ্য বলছে, গত এক মাসে মহারাষ্ট্রে আত্মহত্যা করেছেন ৩০০ জনেরও বেশি কৃষক।

ভারতে কৃষক আত্মহত্যা নতুন কিছু নয়। ঋণের জালে জর্জরিত কৃষক আত্মহত্যা করছেন অনেক দিন ধরেই। যা নিয়ে ছবি হয়েছে, গল্প লেখা হয়েছে, রাজনীতিতে উথালপাথাল হয়েছে। লং মার্চ করেছেন কৃষকেরা। দিল্লিতে এসে রাষ্ট্রপতির সঙ্গে দেখা করার জন্য ধর্না দিয়েছেন। কিন্তু বাস্তব বদলায়নি। কৃষকের সমস্যার যে কোনও সুরাহা হয়নি, আরও একবার তা প্রমাণ হয়ে গেল।

মহারাষ্ট্র বরাবরই কৃষক আত্মহত্যাপ্রবণ জায়গা। গত কয়েক বছরে রাজ্যে খরা হয়েছে ভয়ঙ্কর। হাজার হাজার একর জমির ফসল নষ্ট হয়েছে। অথচ ফসল ফলানোর জন্য কৃষকেরা যে ঋণ নিয়েছিলেন, সব সময় তা মাফ হয়নি। ফলে দেনায় বিধ্বস্ত কৃষক আত্মহত্যা করেছেন। এ

বছরের বিষয়টি ঠিক উল্টো। পুজোর পর ফসল ঘরে তোলার কিছুদিন আগে অকাল বর্ষণ হয় মহারাষ্ট্রে। আর তাতেই ফের নষ্ট হয় ফসল। মাথায় হাত পড়ে কৃষকদের।

সময়টা ছিল নির্বাচনের। ফলে বিধ্বস্ত কৃষকদের বহু আশ্বাস দিয়েছিলেন রাজনৈতিক নেতারা। ক্ষতিপূরণও দেওয়া হয়েছিল। কিন্তু সামান্য ক্ষতিপূরণই যে যথেষ্ট নয়, রাজনীতিকরা তা আগেও কোনও দিন বোঝেননি, এখনও বোঝেন না। খানিক ক্ষতিপূরণ, সামান্য ঋণ মওকুফ যে সমস্যার সমাধান নয়, ৩০০ কৃষকের আত্মহত্যা তা আরও একবার প্রমাণ করে দিল।

কৃষক আত্মহত্যার বিরুদ্ধে বহু দিন ধরে লড়াই করছেন বিদর্ভের বিজয় জওয়ানদ্ধিয়া। এই ঘটনার পরে ফের সোচ্চার হয়েছেন তিনি। তাঁর বক্তব্য, "সরকার যদি সত্যিই কৃষকের আত্মহত্যা বন্ধ করতে চায়, তা হলে চাষের পুরো প্রক্রিয়াতেই বদল আনতে হবে। চাষিদের সঙ্গে বাজারের সরাসরি সংযোগ তৈরি করতে হবে। কারণ, বাজারে খাদ্য দ্রব্য চড়া দামে বিক্রি হলেও চাষিরা তার সুবিধা পান না। সমস্ত মুনাফাই চলে যায় মহাজনের ঘরে। যে দামে এখন চাষিকে ফসল বিক্রি করতে হয়, তাতে এক বছর চাষের ক্ষতি হলেই তাঁরা বিপুল ক্ষতির শিকার হন। ফলে আত্মহত্যা করতে বাধ্য হন। সরকার যদি সরাসরি এই বেচাকেনার জায়গায় ঢুকতে পারে এবং চাষিদের মুনাফা বাড়াতে পারে, তাহলেই একমাত্র এই মর্মান্তিক বাস্তব থেকে মুক্তি পাওয়া যাবে।"

বিজয়ের কথা নতুন নয়। বহু দিন ধরে বহু ব্যক্তি এ কথা বলে চলেছেন। ভোটের সময় রাজনৈতিক দলগুলিও এ সব কথাই বলে। কিন্তু ভোট হয়ে গেলে, পরিস্থিতি ফিরে যায় সেই তিমিরেই। সাধারণ মানুষের কথা ভাববেন, এত সময় সম্ভবত রাজনৈতিক ব্যক্তিত্বদের নেই। তা কেবল মাত্র ইসলামিক শাসন ব্যাবস্থাতেই সকলের ন্যায় অধিকার দিতে পারে।

সূত্র: এসজি/কেএম (টাইমস অফ ইন্ডিয়া, পিটিআই)

পাকিস্তান দখলকৃত আজাদ কাশ্মিরের প্রেসিডেন্ট সরদার মাসুদ খান বলেছেন যে নিয়ন্ত্রণ রেখায় ভারত প্রাণঘাতি অস্ত্র মোতায়েন করেছে, যা পাকিস্তানের বিরুদ্ধে মোদি সরকারের অত্যন্ত আগ্রাসী পরিকল্পনার একটি নমুনা।

গত বুধবার গভর্নর হাউজে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে কাশ্মিরের প্রেসিডেন্ট বলেন, ভারতীয় শাসকদের এই দুষ্ট চক্রান্ত শুধু পাকিস্তানের জন্যই বিপজ্জনক নয় গোটা অঞ্চলের শান্তি জন্য বড় ধরনের হুমকি। তিনি বলেন, ভারত এই অঞ্চলের একটি ভুয়া মানচিত্র প্রকাশ করেছে।

প্রেসিডেন্ট মাসুদ বলেন যে, গত বছর ৫ আগস্ট অধিকৃত অঞ্চলটির বিশেষ মর্যাদা বাতিল করে ভারত জম্মু-কাশ্মিরকে নিজের সঙ্গে যুক্ত করার পর থেকেই এর বিরুদ্ধে সরব প্রতিবাদ করে আসছে পাকিস্তান।

সরদার মাসুদ সতর্ক করে বলেন, ভারতের আগ্রাসি চক্রান্ত গোটা উপমহাদেশের শান্তি ও নিরাপত্তার জন্য হুমকি। আমরা বেলুচিস্তানবাসীর কাছেও কৃতজ্ঞ কারণ তারা গোটা প্রদেশে কাশ্মিরি জনগণের সঙ্গে সংহতি প্রকাশ করেছে।

তিনি হুশিয়ার করে দিয়ে বলেন, পাকিস্তান ও ভারত দুই দেশের হাতেই পারমাণবিক অস্ত্র রয়েছে। তাই তাদের মধ্যে যুদ্ধ বেধে গেলে গোটা অঞ্চলের জন্য তা বিপর্যয় সৃষ্টি করবে।

সূত্র : এসএএম/ ডন

পিপলস ইউনিয়ন ফর সিভিল লিবার্টিজ (পিইউসিএল), অল ইন্ডিয়া পিপলস ফোরাম (এআইপিএফ) ও ন্যাশনাল কনফেডারেশন অব হিউম্যান রাইটস অর্গানাইজেশন্স (এনসিএইচআরও)-এর প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি তথ্য অনুসন্ধানী প্রতিবেদনে বলা হয়েছে যে ১৯ ডিসেম্বর ব্যাঙ্গালোরুতে সিএএ ও এনআরসি-বিরোধী প্রতিবাদ মিছিলে পুলিশের হামলা ছিলো পূর্ব-পরিকল্পিত। ওই হামলায় দুই জন নিহত হয়।

প্রতিবেদনে বলা হয়, পুলিশ বেছে বেছে মুসলমানদের উপর হামলা চালায় এবং মুসলমানদের দোকানপাট ও মসজিদকে টার্গেট করে। এই ঘটনার একদিন আগ থেকেই পুলিশ ঘটনাস্থলে বালুভর্তি বস্তা ও রায়ট গিয়ার প্রস্তুত রাখে এবং কাছাকাছি বিভিন্ন এলাকা থেকে কেএসআরপি বাহিনী এনে মোতায়েন করা হয়। এতে বুঝা যায় যে বিক্ষোভকারীদের উপর পুলিশের হামলা

ছিলো পূর্বপরিকল্পিত। তাছাড়া বিক্ষোভকারী সংখ্যা ৬০০০-৭০০০ বলে পুলিশ দাবি করলেও তা মিথ্যা। তাদের সংখ্যা ছিলো ২০০ থেকে ৩০০ জন।

তথ্য অনুসন্ধানকারী টিম বহুল প্রচারিত ৬০ থেকে ৭০টি ভিডিও পর্যালোচনা করে। তারা বলে যে সেখানে প্রাথমিকভাবে জড় হওয়া তরুণের সংখ্যা ১৫০ জনের বেশি হবে না। তারা শুধু স্লোগান দিচ্ছিল। কিন্তু পুলিশ তাদের উপরেই হামলা করে এবং তাদের উপর ব্যাপক শক্তি প্রয়োগ করা হয়।

প্রতিবেদনে আরো বলা হয় যে, পুলিশ আশেপাশের দোকানপাটেও হামলা চালায় এবং সেখান থেকে লোকজন ধরে এনে নির্দিষ্টভাবে শুধু মুসলমানদেরই মারধর করে। বিকেল চারটার দিকে ইব্রাহিম খলিল মসজিদে হামলা করে পুলিশ। সেখানে ৮০ জনের মতো মুসল্লি নামাজ পড়ছিলো।

রিপোর্টে আরো বলা হয়, মুসলিম গণ্যমান্য লোকজনের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়ে এলেও পুলিশের হামলায় আশরাফ নামে এক নেতার মাথা ফেটে যাওয়ার পর উত্তেজনা ছড়িয়ে পড়ে।

সূত্র: এক্সপ্রেস নিউজ সার্ভিস

আবদুল মজিদ মির। উদ্বিগ্ন এই বাবা শ্রীনগরের এক হাসপাতালের জনাকীর্ণ করিডোরে অপেক্ষা করছেন। তার সাথে আছে তার ১০ বছরের মেয়ে আরিফা। গত মাস থেকে মেয়েটি কেবল দুঃস্বপ্নই দেখে। প্রত্যেকের অস্বস্তিতে সে চিৎকার করে কান্না করে।

শুরুতে আরিফাকে নেয়া হয়েছিল ফকিরের কাছে। তিনি মেয়েটির মা-বাবাকে আশ্বস্ত করেছিলেন যে সাত দিন তাকে পবিত্র পানি দেয়া হলে সে সেরে যাবে। তিনি সারেনি। বরং প্রকোপে বেড়েছে, মাঝে মাঝেই সে রেগে যায়, অন্য সময় সে বিষণ্ন থাকে।

*সাউথ এশিয়ান মনিটর*কে মির বলেন, মিরের এক স্বজন তাকে পরামর্শ দেন আরিফাকে কোনো শিশু বিশেষজ্ঞের কাছে নিয়ে যেতে। প্রথম দেখাতেই আরিফা সেনাবাহিনীর এনকাউন্টারে নিহত হওয়া নিয়ে তার ছোট ভাইয়ের দুঃস্বপ্নের কথা জানায়। সে জানায়, সেও এনকাউন্টারের স্থানে পাথর নিক্ষেপ করবে।

ভারতবিরোধী উগ্রবাদীদের উত্তপ্ত এলাকা দক্ষিণ কাশ্মিরের পুলওয়ামার বাসিন্দা আরিফারা। তাদের বাড়ির আশপাশ আছে ধান ক্ষেত আর আপেলের বাগান। ওই এলাকায় প্রায়ই বন্দুকযুদ্ধ হয়। কোনো বাড়িতে স্বাধীনতাকামীদের উপস্থিতি জানতে পারলে ভারতীয় মালাউন সন্ত্রাসী সেনাবাহিনীর সদস্যরা সেটিকে গ্রেনেড দিয়ে উড়িয়ে দেয়, লাশগুলো বিকৃত করে চেনার অযোগ্য করে তোলে।

লোকজন প্রায়ই সেনা অভিযানে বিঘ্ন ঘটানো ও স্বাধীনতাকামীদের পালিয়ে যেতে সহায়তা করার জন্য এনকাউন্টার স্থলে পাথর নিক্ষেপ করে। গত বছর এ ধরনের অভিযানে বিপুলসংখ্যক লোক নিহত হয়েছে।

মির বলেন, আরিফা নিশ্চয় তার বন্ধু ও স্বজনদের কাছে এসব নৃশংসতা ঘটনার কথা শুনেছে। তার এই অবস্থার কারণ এটিই।

আরিফার এক চিকিৎসক *সাউথ এশিয়ান মনিটর*কে বলেন, তিনি যে হাসপাতালে কাজ করেন, সেখানে এ ধরনের রোগীর সংখ্যা কেবল বাড়ছেই।

তিনি বলেন, অন্য লোকদের মতো কাশ্মিরে শিশুরাও ৫ আগস্ট থেকে খাঁচায় আটকে আছে। ৫ মাস ধরে তারা স্কুলে যেতে পারছে না, খেলতে পারছে না, ইন্টারনেট নেই। যেটাকে স্বাভাবিক অবস্থা বলে মনে হচ্ছে, তা কৃত্রিম। বাস্তব অবস্থা ভয়াবহ ও বিপর্যয়কর।

এই শিশু বিশেষজ্ঞ গত দুই মাসে আক্রান্ত শিশু ও তাদের মা-বাবাদের অব্যাহতভাবে পরামর্শ দিয়ে যাচ্ছেন। তবে তিনি নিজের পরিচয় প্রকাশ করতে চান না। তিনি বলেন, তাকে ও তার সহকর্মীদের কাশ্মিরের স্বাস্থ্যগত অবস্থা নিয়ে মিডিয়ার সাথে কথা বলতে বারণ করেছে কর্তৃপক্ষ।

তবে পরিচয় গোপন রাখা হবে, এই শর্তে রাজি হয়ে ওই চিকিৎসক বলেন, শিশুরাই মানসিক সমস্যায় আক্রান্ত হওয়ার ঝুঁকিতে থাকে বেশি। আমরা যা অনুভব করি বা বুঝি, তা তারা অনেক বেশি ভাবায়। কাশ্মিরের বর্তমান পরিস্থিতি বয়স্কদের চেয়ে শিশুদেরই বেশি কষ্টে ফেলে দিয়েছে।

কাশ্মিরের বিদ্যমান পরিস্থিতিতে শিশুরা স্কুলে যেতে পারছে না, বন্ধুদের সাথে সাক্ষাত করতে পারছে না, তাদের অনুভূতি প্রকাশ করতে পারছে না।

তিনি বলেন, মা-বাবাকে বর্তমান পরিস্থিতিতে শিশুদের দিকে বেশি নজর রাখতে হবে। যদি মনে হয়, শিশুরা অদ্ভুত আচরণ করছে, তবে তাদের উচিত হবে দেরি না করে চিকিৎসকের শরণাপন্ন হওয়া। আমরা এখন বিশেষ পরিস্থিতিতে বাস করছি।

আরিফার কয়েক মিটার দূরে ৮ বছরের হামাদ উদ্বিগ্নভাবে তাকাচ্ছে, সারাক্ষণ মায়ের জামা টেনে ধরছে, পীড়াপিড়ি করছে হাসপাতাল থেকে চলে যেতে।

আগের দিন হামাদ চতুর্থবারের মতো বাড়ি থেকে বের হয়ে উদ্দেশ্যহীনভাবে ঘুরছিল। তার পরিবার খুঁজে তাকে বাড়ি নিয়ে আসে। তার জামার পকেটে তার ঠিকানা সেলাই করে দেয়া হয়েছে, যাতে সে হারিয়ে গেলেও লোকজন তাকে বাড়ি নিয়ে আসতে পারে।

হামাদের মা আমিনা বানু বলেন, আমরা জানি না, তার কী হয়েছে। সে এমন ছিল না কখনো। অক্টোবরে সে চিৎকার করে ওঠত, আমাদেরকে বলত মার্কেটে নিয়ে যেতে। অনিশ্চয়তা থাকায় আমরা তাকে নিয়ে যেতে অস্বীকৃতি জানাতাম। আর এতেই সে বিষণ্ন ও ক্রুদ্ধ হয়ে যেত।

মা জানান, এক দিন হামাদ কয়েক ঘণ্টা পর্যন্ত হারিয়ে গিয়েছিল। পরে দেখতে পাই, সে নোংরা রাস্তায় একাকী মার্বেল খেলছে।

বানু বলেন, আমি তাকে ওই দিন বেশ বকেছিলাম। এর কয়েক দিন পর আবারো সে নীরবে হাওয়া হয়ে গিয়েছিল। আমরা আবার তাকে খুঁজে পাই, তাকে দেখি রাস্তায় রাস্তায় ঘুরতে।

এক প্রতিবেশীর পরামর্শে তিনি তার ছেলেকে ডাক্তারের কাছে নিয়ে এসেছেন। হাসপাতালে ডাক্তার হামাদকে যা ইচ্ছা আঁকতে বলেন। সে বাইরে থেকে কালো শেকল দিয়ে তালাবদ্ধ একটি বাড়ির ছবি আঁকে।

গত ৫ আগস্ট কাশ্মিরের স্বায়ত্তশাসন বাতিল করার পর থেকে কাশ্মিরে স্থবির অবস্থা বিরাজ করছে। স্কুর কলেজ এখনো বন্ধ রয়েছে।

কাশ্মিরের শৈশব বিশ্বের অন্যান্য স্থানের মতো নিরাপদ, আনন্দময়, সুখের নয়। কাশ্মিরের এক শিশু গবেষক উলফাত আমিন বলেন, কাশ্মির নির্দোষ ও তিক্ত অভিজ্ঞতার মধ্যে থাকা এক টুকরা জায়গার মতো। এখানে বসবাসরত শিশুদের দৈনন্দিন জীবন বিক্ষোভ, প্রতিশোধ আর আধা সামরিক বাহিনীর উপস্থিতিতে ভারাক্রান্ত হয়।

তার মতে, সন্দেহাতীতভাবেই বলা যায় যে কাশ্মিরের সাম্প্রতিক গোলযোগ এখানকার শিশুদের মনোস্তাত্ত্বিক ও সামাজিক অবস্থার ওপর প্রভাব ফেলছে। এর ফলে পিটিএসডিও হতে পারে। এছাড়া আরো নানা সমস্যার সৃষ্টি করতে পারে।

কাশ্মিরের প্রখ্যাত শিশু রোগ বিশেষজ্ঞ মোস্তাক মারগুব সম্প্রতি এক গবেষণাপত্রে বলেছেন, গত এক বছরে তিনি ১৬ বছরের কম বয়সী যত শিশুকে দেখেছেন, তাদের মধ্যে সবচেয়ে বেশি শিশু আক্রান্ত রয়েছে ‘ডিসোসিয়েটিভ ডিসঅর্ডারে (২২.৬৯ ভাগ)। এরপর সবচেয়ে বেশিসংখ্যক শিশু আক্রান্ত রয়েছে মেন্টাল রেটার্ডে (১৭.৬৪ ভাগ)। সিজোফ্রেনিয়ায় আক্রান্ত ৮.৪ ভাগ, আর নিউরোটিক ডিসঅর্ডারে ভুগছে ৪.২ ভাগ। আর গবেষণায় একটি গুরুত্বপূর্ণ আবিষ্কার হলো, ২.৫২ ভাগ ক্ষেত্রে রোগী পোস্ট-ট্রামেটিক স্ট্রেস ডিসঅর্ডারে ভুগছে।

জবরদখলকৃত কাশ্মীরে মালাউন সন্ত্রাসী ভারতীয় বাহিনীর গাড়ি লক্ষ্য করে ফের গ্রেনেড হামলা চালিয়েছে ওই উপত্যকার স্বাধীনতাকামীরা।

গত শনিবার (৪ জানুয়ারি) সকালে শ্রীনগরের কওদারাতে এ হামলা চালানো হয়। সংবাদমাধ্যম এএনআই-এর এক প্রতিবেদনে এ খবর জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি।

ভারতীয় পুলিশ জানিয়েছে, শনিবার সকালে ভারতীয় আধা-সামরিক বাহিনী সিআরপিএফের টহল দলের সামরিক যান টাউনে অবস্থিত একটি বাজারের মধ্যে দিয়ে যাওয়ার সময় গ্রেনেড হামলা করা হয়।

এর আগে শুক্রবার কাশ্মীরের ভারত-পাকিস্তান সীমান্তে নিয়ন্ত্রণ রেখার কাছে মাইন বিস্ফোরণে ভারতীয় চার সেনা গুরুতর আহত হয়। এছাড়াও গত ৬ অক্টোবর কাশ্মিরের অনন্তনাগে প্রশাসনিক ভবনের সামনে এক গ্রেনেড হামলায় ১০ জন আহত হয়। ১২ অক্টোবর মধ্য

শ্রীনগরের হরি সিং মহাসড়কে গ্রেনেড হামলায় আহত হয় ৫ জন। ১১ অক্টোবর শ্রীনগরে ভারতীয় আধা-সামরিক বাহিনী-সিআরপিএফ সদস্যদের লক্ষ্য করে চালানো স্বাধীনতাকামীদের হামলায় অন্তত ছয়জন আহত হয়। এর একদিন পর শ্রীনগরে গ্রেনেড হামলায় অন্তত পাঁচজন আহত হয়। ২৮ অক্টোবর সোপোরের বাস স্টেশনে সংঘটিত হামলায় আহত হয় অন্তত ১৫ জন।

০৪ঠা জানুয়ারি, ২০২০

মায়ানমার থেকে আগত রোহিঙ্গা শরণার্থীদের ভারতে কোনও জায়গা নেই। কোনও রকম রাখঢাক না করেই এ কথা স্পষ্ট ভাবে জানিয়ে দিল কেন্দ্রীয় মালাউন মন্ত্রী জিতেন্দ্র সিংহ। তাঁর বক্তব্য, মায়ানমার থেকে পালিয়ে এসে জম্মুতে আশ্রয় নিয়েছেন বহু রোহিঙ্গা। কিন্তু তাঁদের এ দেশের নাগরিকত্ব দেওয়া হবে না। বরং ঝাড়াই-বাছাই করে ফেরত পাঠানোর কাজ শুরু হবে শীঘ্রই।

মায়ানমারে ধর্মীয় নিপীড়ণের শিকার হয়েই দেশ ছেড়েছেন রোহিঙ্গা মুসলিমরা। তাঁদের একটি বড় অংশ বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। ভারতেও গিয়েছেন কিছু রোহিঙ্গা। পশ্চিমবঙ্গ, বিহার পেরিয়ে তাঁদের একটা অংশ জম্মুতে আশ্রয় নিয়েছেন বলেও দাবি করে মালাউন জিতেন্দ্র সিংহ।

কেন্দ্রীয় এই মন্ত্রীর দাবি, সংশোধিত নাগরিকত্ব আইনে শুধুমাত্র পাকিস্তান, বাংলাদেশ এবং আফগানিস্তানে ধর্মীয় নিপীড়ণের শিকার হিন্দু, বৌদ্ধ, জৈন, খ্রিস্টান, শিখ এবং পার্সিদের নাগরিকত্ব দেওয়ার কথাই বলা রয়েছে। মিয়ানমার বা রোহিঙ্গাদের কোনও উল্লেখ নেই এতে। তাই তাঁদের নাগরিকত্ব দেওয়ার প্রশ্ন ওঠে না।

ভারতীয় সংবাদ মাধ্যম *আনন্দ বাজার* সূত্রে জানা গেছে,গত শুক্রবার শ্রীনগরে সরকারি কর্মীদের নিয়ে আয়োজিত তিন দিন ব্যাপী একটি অনুষ্ঠানে সংশোধিত নাগরকিত্ব আইন (সিএএ) নিয়ে আলোচনা চলাকালীন এমন মন্তব্য করেছে জিতেন্দ্র সিংহ। সে বলেছে, “সংসদে

বিল পাশ হয়ে যাওয়ার দিন থেকেই জম্মু-কাশ্মীরে সিএএ চালু হয়ে গিয়েছে। এ নিয়ে কোনও যদি, কিন্তুর ব্যাপার নেই। এ বার রোহিঙ্গাদের নিয়ে পরবর্তী পদক্ষেপ করবে সরকার।”

মায়ানমারে ধর্মীয় নিপীড়ণের শিকার হয়েই দেশ ছেড়েছেন রোহিঙ্গা মুসলিমরা। তাঁদের একটি বড় অংশ বাংলাদেশে আশ্রয় নিয়েছেন। ভারতেও গিয়েছেন কিছু রোহিঙ্গা। পশ্চিমবঙ্গ, বিহার পেরিয়ে তাঁদের একটা অংশ জম্মুতে আশ্রয় নিয়েছেন বলেও দাবি করে মালাউন জিতেন্দ্র সিংহ

জিতেন্দ্র সিংহ বলেছে, “রোহিঙ্গাদের ফেরত পাঠানোর পরিকল্পনা চলছে। তাদের একটি তালিকা তৈরি করা হবে। প্রয়োজনে তৈরি করা হবে বায়োমেট্রিক পরিচয়পত্রও। কারণ সংশোধিত নাগরিকত্ব আইনে রোহিঙ্গাদর কোনও সুবিধা দেওয়ার কথা বলা নেই। প্রতিবেশী তিন দেশে ধর্মীয় নিপীড়ণের শিকার যে ছয়টি সম্প্রদায়কে নাগরিকত্ব দেওয়ার কথা বলা হয়েছে, রোহিঙ্গারা তার মধ্যে পড়ে না।

রাজশাহীর বাঘায় জোরপূর্বক জমি দখল করতে গিয়ে তোপের মুখে পড়েছে এক সন্ত্রাসী যুবলীগ নেতা। আজ শনিবার বেলা ১১টার দিকে উপজেলার গাওপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

কালের কণ্ঠ থেকে জানা যায়, উপজেলার গাওপাড়া গ্রামের আরশাদুল ইসলাম ও আক্কাস আলীর মধ্যে দীর্ঘদিন যাবত জমি নিয়ে দ্বন্দ্ব চলছিল। আসাদ আলী পক্ষ নিয়ে বাঘা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক যুবাইদুল হক ও হানিফ আলীর নেতৃত্বে ১৫-২০ জনের একটি দল নিয়ে জমি দখল করতে যায়। এ সময় আক্কাস আলীর লোকজন বাধা দেয়। এক পর্যায়ে আক্কাস আলীর পক্ষের মরিয়ন বেগম (৬৫) ছেলে মানিক হোসেন ও মাসুন হোসেনকে মারপিট করে। এতে তারা ৩ জন আহত হয়। আহত অবস্থায় তাদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রে চিকিৎসা দেয়া হয়েছে। তবে এ সময় এলাকার লোকজন একত্রিত হয়ে সন্ত্রাসী যুবলীগ নেতাদের ঘিরে ধরে। ফলে তারা তোপের মুখে পড়ে। তবে কৌশলে সন্ত্রাসীরা সেখান থেকে সটকে পড়ে।

সন্ত্রাসী ছাত্রলীগের ৭২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করতে গিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়েছে সিলেট বিয়ানীবাজার উপজেলা ছাত্রলীগের বিবদমান রিভালবেল্ট ও স্বাধীন গ্রুপ। এসময় আহত হয়েছে সাত সন্ত্রাসী নেতাকর্মী।

শনিবার দুপুর সাড়ে ১২টায় পৌরশহরের প্রথমনাথ দাস রোডে (কলেজ রোড) এ সংঘর্ষের ঘটনা ঘটে।

বিডি প্রতিদিন সূত্রে জানা গেছে, সন্ত্রাসী ছাত্রলীগের ৭২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিয়ানীবাজার উপজেলা ছাত্রলীগের বিদ্যমান গ্রুপগুলো পৃথক কর্মসূচির আয়োজন করে। সন্ত্রাসী ছাত্রলীগের রিভারবেল্ট ও স্বাধীন গ্রুপ পৃথক কর্মসূচি উদযাপনের এক পর্যায়ে দুটি গ্রুপের নেতাকর্মীদের মধ্যে ইনার কলেজ রোডে প্রথমে ধাক্কা-ধাক্কি ও হাতাহাতি শুরু হয়। পরে দু'গ্রুপের নেতাকর্মীরা বাকবিতণ্ডা জড়িয়ে পড়লে তা সংঘর্ষে রূপ নেয়।

দু'গ্রুপের মধ্যে কলেজ রোড ও টিএন্ডটি রোডে দেশীয় অস্ত্রের মহড়া ও ইট-পাঠকেল নিক্ষেপ শুরু হয়।

সংঘর্ষ চলাকালে ফখরুল ইসলাম, মুরাদ আহমদ, আশরাফুল হক, সালাহ উদ্দিনসহ আরও তিন সন্ত্রাসী ছাত্রলীগ নেতাকর্মী আহত হয়। আহতদের বিয়ানীবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করা হয়েছে।

কোনভাবেই নিয়ন্ত্রণ করা যাচ্ছে না পিয়াজের বাজার। কাজে আসেনি কোনো পদক্ষেপ। অস্থিরতা চলছেই। ফের পিয়াজের দাম ডাবল সেঞ্চুরিতে পৌঁছেছে সিরাজগঞ্জের বাজারগুলোতে।

মাত্র দুদিনের ব্যবধানে দেড়গুণ বেড়ে পিয়াজ বিক্রি হচ্ছে ২০০ টাকায়। এতে আবারও বিপাকে পড়েছেন ক্রেতারা।

জানা গেছে, সিরাজগঞ্জ স্টেশন বাজার, বানিয়াপট্টি বাজার ও এসএস রোড এলাকায় বড় বাজার ঘুরে দেখা যায় দেশি পিয়াজ প্রতি কেজি বিক্রি হচ্ছে ১৮০ থেকে ২০০ টাকায়।

